



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 8/25/2021

গভর্নর ক্যাথি হোচুল

গভর্নর হোচুল আফগানিস্তানের সহিংসতা ও অস্থিতিশীল অবস্থা থেকে পালিয়ে আসা শরণার্থীদের স্বাগত জানিয়েছেন

*যুদ্ধের ভয়াবহতা থেকে পালিয়ে আসা ব্যক্তি ও পরিবারগুলোকে স্বাগত জানানোর গর্বিত ঐতিহ্য নিউ ইয়র্ক অব্যাহত রেখেছে*

*স্টেটের শরণার্থী পরিষেবা (Refugee Services) এবং অফিস ফর নিউ আমেরিকান্স (Office for New Americans) এখানে আসা আফগানদের পুনর্বাসন ও সহায়তার প্রস্তুতি নিয়েছে*

*নিউ ইয়র্কে এসে পৌঁছানো আফগানদের সহায়তা করতে চান এমন নিউ ইয়র্কবাসীরা 1-800-566-7636 নম্বরে ONA হটলাইনে যোগাযোগ করতে পারেন; গোপনীয়ভাবে সাহায্য, সহায়তা ও পরিষেবার প্রয়োজন থাকা অভিবাসীদের জন্যেও এই হটলাইন ব্যবহারের সুযোগ রয়েছে*

গভর্নর ক্যাথি হোচুল আজ ঘোষণা করেছেন যে নিউ ইয়র্ক স্টেট আফগানিস্তান জুড়ে ছড়িয়ে পড়া সহিংসতা এবং অস্থিতিশীল অবস্থা থেকে পালিয়ে আসা আফগানবাসীদের স্বাগত জানাতে প্রস্তুত আছে। নিউ ইয়র্কে পুনর্বাসনে আগ্রহীদের সাহায্য করতে এবং নিগ্রহ বা যুদ্ধ থেকে পালিয়ে আসা লোকজনকে স্বাগত জানানোর স্টেটের গর্বিত ঐতিহ্য অব্যাহত রাখতে স্টেটের শরণার্থী পরিষেবা এবং অফিস ফর নিউ আমেরিকান্স প্রস্তুত রয়েছে। নিউ ইয়র্ক স্টেটে এসে পৌঁছানো আফগানদের সহায়তা করতে চান এমন নিউ ইয়র্কবাসীরা স্থানীয় সরবরাহকারীদের সম্পর্কে এবং তারা কিভাবে সাহায্য করতে পারেন সে সম্পর্কে তথ্য পাওয়ার জন্য 1-800-566-7636 নম্বরে অফিস ফর নিউ আমেরিকান্স হটলাইনে যোগাযোগ করতে পারেন। গোপনীয়ভাবে সাহায্য এবং সহায়তা ও পরিষেবার সাথে সংযোগের প্রয়োজন রয়েছে এমন অভিবাসীদের জন্যেও এই হটলাইন ব্যবহারের সুযোগ রয়েছে।

“বিশ্ব যখন আফগানিস্তানের অস্থিতিশীল অবস্থা প্রত্যক্ষ করছে, এই সময়ে নিউ ইয়র্ক আরো একবার আশা ও আশ্রয়ের প্রদীপ হয়ে জ্বলে উঠছে,” বলেছেন গভর্নর হোচুল। “শরণার্থী ও অভিবাসীরা আমাদের স্টেটে যে সমৃদ্ধ সংস্কৃতি ও কমিউনিটি নিয়ে আসে তা অপরিসীম, এবং বিশ্বের প্রতি আমাদের দ্বিধাহীন বার্তা হলো আমাদের স্টেট আমাদের আঙ্গিনায় আশ্রয়প্রার্থীদের সাহায্য করতে দৃঢ় প্রতিজ্ঞ।”

যদিও পূর্ববর্তী প্রেসিডেন্টের প্রশাসন যুক্তরাষ্ট্রের গ্রহণ করা শরণার্থী ও অভিবাসীদের সংখ্যা আশংকাজনকভাবে কমিয়ে দিয়েছিল, প্রেসিডেন্ট জোসেফ বাইডেন একটি জরুরি ধারা জারি করেছেন যা জাতীয় সীমা বর্ধিত করে 62,500 করেছে। এছাড়াও ফেডারেল সরকার সুনির্দিষ্টভাবে যুক্তরাষ্ট্রের সামরিক বাহিনীর সাথে কাজ করা এবং নির্দিষ্ট কিছু পূর্বশর্ত পূরণ করা আফগান অনুবাদক ও দোভাষীদের জন্য অতিরিক্ত 8,000 অভিবাসী ভিসার অনুমোদন দিয়েছে।

নিউ ইয়র্কের শরণার্থী পরিষেবা এই নতুন আসা লোকজনের পুনর্বাসনের জন্য এবং নিউ ইয়র্কে তাদের নতুন জীবনের সাথে মানিয়ে নিতে সাহায্য করার জন্য প্রস্তুত রয়েছে। 2020 সালের অক্টোবর এবং 2021 সালের জুলাইয়ের মধ্যবর্তী সময়ে স্টেটের মাধ্যমে 458 জন শরণার্থীর পুনর্বাসন করা হয়েছে, যার মধ্যে 140 জন আফগান এবং বিশেষ অভিবাসী ভিসায় 83 জন অন্তর্ভুক্ত রয়েছে, যাদের অধিকাংশই আফগানিস্তান থেকে এসেছেন।

অফিস অব টেম্পোরারি অ্যান্ড ডিজিভিলিটি অ্যাসিস্ট্যান্স (Office of Temporary and Disability Assistance) এর তদারকির অধীন শরণার্থী পরিষেবার লক্ষ্য হলো শরণার্থীদের এবং তাদের পরিবারের অর্থনৈতিক ও সামাজিক স্বনির্ভরতা অর্জনে সাহায্য করা। অন্যান্য কার্যক্রমের মধ্যে এই কর্মসূচি প্রত্যাবাসিত নাগরিকদের নিরাপদে পৌঁছাতে সাহায্য করে, মানব পাচারের শিকার হওয়া ভুক্তভোগীদের সহায়তা প্রদান করে, এবং প্রাপ্তবয়স্ক সঙ্গী না থাকা শরণার্থী ও প্রবেশকারী অপ্রাপ্তবয়স্কদের জন্য যথাযথ পালক পরিষেবা নিশ্চিত করে।

নিউ ইয়র্ক 2021 অর্ধবছরে 1,320 জন শরণার্থী ও বিশেষ অভিবাসী ভিসাধারীর পুনর্বাসনের ব্যবস্থা করতে দৃঢ় প্রতিজ্ঞ, যাতে নতুন করে আসা লোকজনের জন্য স্টেট প্রস্তুতি নিতে পারে। এক বছর সময়ের মধ্যে নিউ ইয়র্কের স্টেটব্যাপী কমিউনিটি-ভিত্তিক সেবা প্রদানকারীদের নেটওয়ার্ক 5,000 এরও বেশি ব্যক্তির পুনর্বাসনে সাহায্য করেছে।

**OTDA কমিশনার মাইক হেইন বলেন,** “সারাবিশ্বের শরণার্থীদের জন্য নিউ ইয়র্ক সবসময়ই একটি আশার আলো হিসেবে কাজ করেছে, এবং আমাদের স্টেটের সমৃদ্ধ সংস্কৃতি সে ঐতিহ্যেরই সাক্ষ্য বহন করে। আফগানিস্তান থেকে যেসব হৃদয় বিদারক চিত্র পাওয়া যাচ্ছে তা বিদেশের নিগ্রহ থেকে নিরাপদ আশ্রয়ের আশায় আমাদের স্টেটে আসা সকল শরণার্থীদের সাহায্য করার আমাদের সংকল্পকে আরো সুদৃঢ় করেছে। আমরা গর্বের সাথে তাদেরকে আমাদের কমিউনিটিতে স্বাগত জানাই এবং আমাদের প্রতিবেশী হিসেবে তাদের বরণ করে নিই।”

**সেক্রেটারি অব স্টেট রোজানা রোজাডো বলেন,** “নিরাপত্তার স্বার্থে দেশ থেকে পালিয়ে আসা আফগানদের সাথে আছে আমার হৃদয়। সারা বিশ্ব থেকে আসা অভিবাসী ও শরণার্থীদের স্বাগত জানানোর দীর্ঘ ইতিহাস রয়েছে নিউ ইয়র্কের এবং আফগান শরণার্থীদের স্বাগত জানানো ও সফল হওয়ার জন্য তাদেরকে প্রয়োজনীয় সংস্থানসমূহ সরবরাহ করে সাহায্য করার মাধ্যমে আমরা এই ঐতিহ্য অব্যাহত রাখবো। আফগান শরণার্থীরা আমাদের জাতির পাশে দাঁড়িয়েছে, এবং তাদের অতি প্রয়োজনের এই সময়ে, যখন তারা নিউ ইয়র্ক স্টেটে তাদের জন্য স্বাধীনতা, নিরাপত্তা ও অন্যান্য সুযোগ চাইছেন তখন আমরা সহায়তা ও সংহতির সাথে তাদেরকে সাদরে গ্রহণ করবো।”

নিউ ইয়র্ক স্টেটের নিউ আমেরিকান্স হটলাইন ছুটির দিন ছাড়া সোমবার থেকে শুক্রবার, সকাল 9:00টা থেকে রাত 8:00টা পর্যন্ত চালু থাকবে। সব ফোন কল গোপনীয় থাকবে। 200টিরও বেশি ভাষায় সহায়তা পাওয়া যায়।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে [www.governor.ny.gov](http://www.governor.ny.gov) -এ  
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | [press.office@exec.ny.gov](mailto:press.office@exec.ny.gov) | 518.474.8418

[আনসাবস্কাইব করুন](#)